
জনকল্যাণই বিএনপির রাজনীতির মূল লক্ষ্য: সমাজকল্যাণমন্ত্রী



সমাজকল্যাণমন্ত্রী ডা. এজেড এম জাহিদ হোসেন। ছবি: সংগৃহীত

বিএনপি শুধু ভোট পাওয়ার জন্য নয়, সাধারণ মানুষের জীবনমান উন্নয়নে রাজনীতি করে বলে মন্তব্য করেছেন সমাজকল্যাণমন্ত্রী ডা. এজেড এম জাহিদ হোসেন।

মঙ্গলবার (২৭ অক্টোবর) সকাল ১১টায় দিনাজপুরের বিরামপুর সরকারি কলেজ মাঠে দিনব্যাপী চাকরি মেলার উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন।

মন্ত্রী বলেন, শ্রেণি-ধর্ম নির্বিশেষে মানুষের পাশে দাঁড়ানো এবং তাদের ভাগ্য পরিবর্তন বিএনপির রাজনৈতিক আদর্শ। প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক দর্শনও এ লক্ষ্যকে ঘিরে পরিচালিত হচ্ছে। চাকরি মেলার আয়োজন সেই উদ্যোগের অংশ।

দিনাজপুরের এ অঞ্চল দীর্ঘদিন ধরে অবহেলিত উল্লেখ করে জাহিদ হোসেন বলেন, ভৌগোলিক অবস্থানের কারণে এখানকার মানুষ নানা সীমাবদ্ধতার মুখে রয়েছেন। জেলা শহর থেকে অঞ্চলটির দূরত্বও প্রায় ১১০ কিলোমিটার। তাই স্থানীয় উন্নয়ন ত্বরান্বিত করার পাশাপাশি তরুণদের প্রতিভা বিকাশ ও কর্মসংস্থানের সুযোগ বাড়ানো প্রয়োজন।

তরুণদের কর্মসংস্থান সম্পর্কে সচেতন করা এবং তাদের মধ্যে নতুন উদ্দীপনা তৈরিই চাকরি মেলার অন্যতম উদ্দেশ্য বলে জানান তিনি। ভবিষ্যতে আরও বড় পরিসরে এ ধরনের আয়োজন করার ওপরও গুরুত্ব দেন মন্ত্রী।

দিনাজপুর-৬ আসনের পাশাপাশি পুরো জেলাকে সম্ভাবনাময় অঞ্চল হিসেবে গড়ে তুলতে নতুন প্রজন্মের কর্মসংস্থান ও উন্নয়নের সুযোগ বাড়ানোর আহ্বান জানান তিনি।

আয়োজকদের তথ্য অনুযায়ী, চাকরি মেলায় শিল্পপ্রতিষ্ঠানসহ শতাধিক প্রতিষ্ঠান অংশ নিয়েছে। এতে ২৪ হাজারের বেশি চাকরিপ্রত্যাশী আবেদন করেছেন। মেলাটি বিকেল ৫টা পর্যন্ত চলার কথা ছিল। অনুষ্ঠানে জেলা ও উপজেলা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।